শিক্ষা শৃঙ্খলা উৎকর্ষ

# সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও
## Civil Aviation School & College, Tejgaon


Dhaka-1215, Bangladesh. Established: 1963

Web: www.casc.edu.bd E-mail: casctejgaon@gmail.com Mob:01309-108517
School Code: 1265 EIIN: 108517 College Code: 1064


Ref: সিএএসসি/অঃনথি/০৫/নিঃবিজ্ঞপ্তি/২০২৫/ভঃ-১/০২২/৬৪১ Date: ১৬/০৬/২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

১। সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও এর নিজস্ব অর্থায়নে নিম্নবর্ণিত **সৃষ্ট পদ সমূহে** আবেদন আহ্বান করা হলো:

| ক্রম নং | পদবী | বিষয় | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|---|---|---|
| ক | প্রভাষক | পদার্থবিজ্ঞান | ০১ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>খ) কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | গ্রেড-৯<br>২২,০০০-৫৩,০৬০/- |
| | | রসায়ন | ০১ | | |
| খ | সহকারী শিক্ষক, মাধ্যমিক শাখা (ইংরেজি ভার্সন) | ইংরেজি | ০১ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>খ) ইংরেজি ভার্সনে অধ্যয়নকৃত এবং শিক্ষকতার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে। | গ্রেড-১০<br>(বিএড ডিগ্রিসহ ও শিক্ষানবিশকাল পূর্ণ হওয়া সাপেক্ষে)<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১১<br>(বিএড ডিগ্রি ব্যতীত)<br>১২,৫০০-৩০,২৩০/- |
| | | গণিত | ০১ | | |
| গ | নিরাপত্তা প্রহরী | | ০২ | জেএসসি/জেডিসি/সমমান | গ্রেড-১৯<br>৮,৫০০-২০,৫৭০/- |
| ঘ | মালী | | ০১ | | |

২। **আবেদনের সময়সীমা:** **২১ মে থেকে ২৮ জুন ২০২৫ তারিখ রাত ১১:৫৯** মিনিট পর্যন্ত (**অন-লাইন**)। বিস্তারিত তথ্যের জন্য প্রতিষ্ঠানের ওয়েবসাইট (**www.casc.edu.bd/jobreq**) দেখুন।

৩। **অন্যান্য যোগ্যতা:** প্রত্যেক পদে **৩০ জুন ২০২৫** তারিখ সর্বোচ্চ বয়স ৩৫ বছর। **শিক্ষকতায় অভিজ্ঞতা থাকা সাপেক্ষে বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।** প্রভাষক ও সহকারী শিক্ষক পদে সমগ্র শিক্ষা জীবনে কমপক্ষে ০২ টি (দুইটি) স্তরে ১ম শ্রেণি/ন্যূনতম জিপিএ-৩.৫০/সমমান থাকতে হবে এবং কোন স্তরে ৩য় শ্রেণি/জিপিএ-২.৫০ এর কম গ্রহণযোগ্য হবে না।

৪। **অন্যান্য সুবিধাদি:** প্রতিষ্ঠানের নিজস্ব বিধি মোতাবেক বাড়িভাড়া, চিকিৎসা ভাতা, নগরভাতা, উৎসবভাতা, ইংরেজি ভার্সন ভাতা, বিশেষ ভাতা এবং চাকুরি স্থায়ীকরণ সাপেক্ষে পিএফ, গ্র্যাচুইটি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।

৫। **আবেদনের নিয়মাবলি:** প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সময় প্রার্থীর প্রয়োজনীয় তথ্য সহ রঙিন ছবি ও স্বাক্ষরের স্ক্যানকপি নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ওয়েবসাইট (**www.casc.edu.bd/jobreq**) এ আবেদন ফরম পাওয়া যাবে। আবেদন ফি, **প্রভাষক** পদের জন্য ৬০০/-টাকা, **সহকারী শিক্ষক (ইংরেজি ভার্সন)** পদের জন্য ৫০০/- টাকা এবং **নিরাপত্তা প্রহরী ও মালী** পদের জন্য ৩০০/- টাকা অনলাইনের মাধ্যমে পেমেন্ট করতে হবে।

৬। **পরীক্ষা পদ্ধতি:** বাছাইকৃত যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা, শ্রেণিকক্ষে পাঠদান/দাপ্তরিক দক্ষতা যাচাই এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। **প্রবেশপত্র:** প্রবেশপত্র প্রাপ্তির জন্য আবেদনকারীকে যথাসময়ে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং **www.casc.edu.bd/jobreq** লিংকের মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। অন-লাইন আবেদনে আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পর্যবেক্ষণ ও প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্ছনীয়।

৮। **শর্তাবলি:** চাকুরীতে যোগদানের এক বছরের মধ্যে স্বেচ্ছায় চাকুরী হতে অব্যাহতি নেওয়া যাবে না। প্রার্থীদেরকে উল্লেখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র বাতিল এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যে কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

অধ্যক্ষ

সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও, ঢাকা-১২১৫।